

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২


প্রশাসন পরিপত্র নং- ১৪/২০১৭

তারিখ : ১৬-০৭-২০১৭ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর উপ-প্রবিধান ৪৯(১) সংশোধন।

বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর উপ-প্রবিধান ৪৯(১) সংশোধন করে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিংপূর্বক এপ্রিল ২৫, ২০১৭ তারিখে গেজেট প্রকাশ করা হয়েছে, যার এস.আর.ও নম্বর ৬৬-আইন/২০১৭ তারিখ: ০৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/ ২২/০৩/২০১৭ খ্রিস্টাব্দ। উক্ত গেজেট বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বি জি প্রেস) হতে মুদ্রণপূর্বক ব্যাংকের সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপরপৃষ্ঠায় হুবহু মুদ্রণপূর্বক প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে-




(মোঃ জাহির ইকবাল)
উপমহাব্যবস্থাপক
ফোন: ৯৫৫৬৯১১

প্রকা/এইচআরএমডি-২/২৩(১)/২০১৬-২০১৭/১৪৯

তারিখ : ১৬-০৭-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। নথি/মহানথি।



(মোঃ আনোয়ারুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৫, ২০১৭

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/২২ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৬৬ আইন/২০১৭।—Bangladesh Krishi Bank Order, 1973 (P.O. No. 27 of 1973) এর article 35 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কৃষি ব্যাংকের বোর্ড অব ডাইরেক্টরস, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় মামলা নিষ্পত্তিতে কোন বাধা থাকিবে না।”।

বোর্ড অব ডাইরেক্টরস এর আদেশক্রমে

মুহম্মদ আউয়াল খান
ব্যবস্থাপনা পরিচালক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৪০০১)

মূল্য : টাকা ৪.০০